



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস বিজ্ঞপ্তি

৯ মার্চ ২০২৩

বাউবির মাস্টার অব ডিজ্যাবিলিটি ম্যানেজমেন্ট এন্ড রিহ্যাবিলিটেশন প্রোগ্রামের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি পরিচালিত মাস্টার অব ডিজ্যাবিলিটি ম্যানেজমেন্ট এন্ড রিহ্যাবিলিটেশন প্রোগ্রাম ২০২৩ এর শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম ০৩ মার্চ ২০২৩ শুক্রবার বঙ্গমাতা বেগম ফজিলাতুল্লাহা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়।



অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বাউবির স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির ডিন অধ্যাপক ডা: সরকার মোঃ নোমান। তিনি নবাগত শিক্ষার্থীদের শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে বলেন এই প্রোগ্রাম থেকে অর্জিত জ্ঞান শিক্ষার্থীদের দক্ষ গবেষক ব্যবস্থাপক হতে সাহায্য করবে। এই ডিগ্রী অর্জনের মাধ্যমে শিক্ষার্থীরা নিজ নিজ কর্মক্ষেত্রে অথবা যেসব প্রতিষ্ঠান প্রতিবন্ধীতা পূর্ণবাসন নিয়ে কাজ করছে সে সব জায়গায় চাকুরির সুযোগ পাবেন।

অনুষ্ঠানে বাউবির স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির সহযোগী অধ্যাপক ড. মোঃ আব্দুল মজিদ মন্ডল ও এম.ডি.এম.আর প্রোগ্রামের টিউটরগণ বক্তব্য রাখেন। ওরিয়েন্টেশন অনুষ্ঠানে এম.ডি.এম.আর প্রোগ্রাম পরিচিতি সম্পর্কে বিস্তারিত প্রতিবেদন উপস্থাপনা করেন স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির প্রভাষক ডাঃ সামীনা আক্তার কাকলী। ওরিয়েন্টেশন অনুষ্ঠানটি সঞ্চালনা করেন স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির সহকারী অধ্যাপক ও প্রোগ্রাম সমন্বয়কারী ডা: মোহাম্মদ হাবিবুর রহমান। ওরিয়েন্টেশন প্রোগ্রামে নতুন ব্যাচের ২২ জন এবং পুরাতন ব্যাচের ৩০ জন শিক্ষার্থী অংশ নেন।

উদ্দিন

(ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন)
পরিচালক (ভারপ্রাপ্ত)